

তথ্য কমিশনে শুনানী

তথ্য কমিশন আদালতে আজ ৯টি অভিযোগের শুনানীশেষে ৯টি অভিযোগেরই নিষ্পত্তি করা হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে কুমিল্লা পল্লীবিদ্যুৎ সমিতি-৪ এর ডেপুটি জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম রেলওয়ের সহকারী মহাব্যবস্থাপক, শরীয়তপুরের সিভিল সার্জন, গাইবান্ধার সাদুল্যাপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বগুড়া জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং গাইবান্ধার সাদুল্যাপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব
নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজ্জিদ।

স্বাক্ষরিত/-

(লিটন কুমার প্রামানিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd